"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

## মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল জেলার উপপরিচালকদের সাথে অনলাইন জুম মিটিং এর কার্যবিবরণীঃ

সভাপতি : মো: ইকবাল হোসেন
যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক(অ:দা:), কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ০৬ নভেম্বর ২০২৩ খ্রি:
সময় : সকাল ১১:০০ টা
স্থান : মহিলা বিষয়ক অধিদপ্তরের জিসিএ কনফারেন্স রুম (৮ম তলা)
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-'ক')

সভাপতি উপস্থিত ও অনলাইনে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় প্রকল্প পরিচালক সকল উপপরিচালকদের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য দেন। অতঃপর প্রকল্প পরিচালকের সম্মতিক্রমে উপপরিচালকগণ পর্যায়ক্রমে হাসনা হেনা (খুলনা), সুস্মিতা খীসা (খাগড়াছড়ি), নূরে সফুরা ফেরদৌস (কুষ্টিয়া), মৌসুমী রানী মজুমদার (নড়াইল), মাশউদা হোসেন (ফরিদপুর), আলেয়া ফেরদৌসী (মুন্সিগঞ্জ), মাহমুদা আক্তার (মাদারীপুর), মো লুৎফুল কবীর (শেরপুর), মো: শহিদুল ইসলাম (বগুড়া), মোছাঃ নিলুফার রহমান (ঝিনাইদহ), সুব্রত বিশ্বাস (কক্সবাজার), মাধবী বড়ুয়া (চট্টগ্রাম), শবনম শিরিন (রাজশাহী), মোঃ আলতাফ হোসেন (পিরোজপুর), মো: মোর্শেদ আলী খান (দিনাজপুর), মোছাঃ জেবুন নেছা (কুড়িগ্রাম), মামুন অর রশীদ (কিশোরগঞ্জ), মোঃ সাইফুল ইসলাম (গোপালগঞ্জ), রশিদা খাতুন (লালমনিরহাট), কণিকা মল্লীক (টাঙ্গাইল), নাছরীন আক্তার (ফেনী), মোঃ ইকবাল হোসেন (ভোলা), আব্দুল আওয়াল (মাগুরা), মেহেরুন নাহার মুন্নি (বরিশাল), কানিজ ফাতেমা (সিরাজগঞ্জ), রূপ কুমার পাল (বরগুনা), মোছাঃ জিন্নাতারা ইয়াছমিন (ঠাকুরগাঁও), সাহেলা পারভীন (বাগেরহাট), রুমানা আক্তার (হবিগঞ্জ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প সম্পর্কে বিভিন্ন তথ্য, মন্তব্য ও সমস্যা তুলে ধরেন। প্রকল্প পরিচালক উপপরিচালকদের বক্তব্য শুনেন এবং প্রকল্পের সমস্যা/মন্তব্য সম্পর্কে মতামত ও নির্দেশনা প্রদান করেন।

## বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। প্রত্যেক উপজেলায় একটি 'কিশোর-কিশোরী ক্লাব WhatsApp গ্রুপ' তৈরি করতে হবে যেখানে উপপরিচালক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রোগ্রাম অফিসার, সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজার এবং উপজেলার সকল জেন্ডার প্রোমোটার ও শিক্ষকগণ যুক্ত থাকবেন (যেমনঃ শ্যামনগর উপজেলা কিশোর-কিশোরী ক্লাব)। এ WhatsApp গ্রুপের মাধ্যমে উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার/ এবং সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজার উপজেলার সকল ক্লাবের কার্যক্রম মনিটরিং করবেন। উপজেলা নির্বাহী অফিসার সম্মত থাকলে তাকেও গ্রুপে সংযুক্ত করা যেতে পারে।
২। উপপরিচালকগণ নিজেরা ক্লাব মাঝেমধ্যে পরিদর্শন করবেন এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তারগণদেরকে নিয়মিত ক্লাব পরিদর্শনের নির্দেশনা প্রদান করবেন।
৩। ক্লাব পরিদর্শনকালে প্রদত্ত নাস্তার বিষয়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে জানতে হবে। ক্লাবসমূহে পুষ্টি সমৃদ্ধ/ স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ নিশ্চিত করতে হবে এবং একই নাস্তা যাতে বার বার না দেয়া হয় সে বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে। কোন অবস্থাতেই যেন খোলা/ তৈলাক্ত খাবার, কোল্ড ড্রিংকস, স্থানীয়ভাবে তৈরী চানাচুর ইত্যাদি বা কোন ধরনের অস্বাস্থ্যকর খাবার না দেওয়া হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। ক্লাব পরিদর্শনকালে কিশোর-কিশোরীদের জেন্ডার বিষয়ক জ্ঞান যাচাই করতে হবে, বিশেষ করে তারা বাল্য বিবাহ, যৌতুক, মাদক ইত্যাদির কুফল ও শাস্তি সম্পর্কে এবং ন্যাশনাল Hotline 109/999/333 সম্পর্কে জানে কিনা তা পরীক্ষা করতে হবে।

৫। ফিল্ড সুপারভাইজারগণ যাতে সপ্তাহে অন্তত: ২দিন (সরেজমিনে/অনলাইনে) ক্লাব পরিদর্শন করে সেটি উপপরিচালকগণ নিশ্চিত করবেন।

৬। ফিল্ড সুপারভাইজারগণ শুক্রবার ও শনিবার ক্লাব পরিদর্শন করলে অন্য দুই কর্মদিবসে যেন তারা সাপ্তাহিক ছুটি ভোগ করতে পারেন সে বিষয়ে উপপরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। জেন্ডার প্রোমোটার এবং শিক্ষকদের হাজিরা প্রতি মাসের ১ তারিখে বা ১ম কর্মদিবসে উপজেলা থেকে জেলায় প্রেরণ করতে হবে এবং জেলা থেকে প্রতিমাসে ৫ তারিখের মধ্যে প্রকল্প অফিসে পাঠানো নিশ্চিত করতে হবে, যাতে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সকল কর্মচারীদের বেতন ছাড় করা যায়।

৮। ক্যারাটে প্রশিক্ষণ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রকল্প কার্যালয়ে অবহিত করতে হবে।

৯। প্রকল্প অফিস থেকে প্রাপ্ত মালামালের তথ্য যেমনঃ ক্যারাটের পোশাক, খেলার সামগ্রী, বইপত্র, আসবাবপত্র ইত্যাদি পাওয়ার সাথে সাথে উপপরিচালকগণ প্রকল্প অফিসকে অবহিত করবেন।

১০। কিশোর-কিশোরী ক্লাবের উদ্যোগে বাল্য বিবাহ প্রতিরোধ করা হলে তার ছবিসহ প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১১। কিশোর-কিশোরী ক্লাব সম্পর্কিত যেকোন সমস্যা/পরামর্শ থাকলে তা প্রকল্প পরিচালকের WhatsApp (০১৭১১-২০০২২৬) নাম্বারে মেসেজ করে উপপরিচালকগণ অবহিত করতে পারেন।

১২। উপপরিচালকগণ মাসিক সমন্বয় সভায় কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়ে আলোচনা করবেন।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত/ অনলাইনে যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাঃ

মোঃ ইকবাল হোসেন
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক (অ:দা:)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.০৬.০৮৫.২৩- ৪৯৪ তারিখ: ২০/১১/২০২৩

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
৪। সহকারী পরিচালক, (ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)। মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫। অফিস কপি।

২০.১১.২০২৩

মোঃ ইকবাল হোসেন
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক (অ:দা:)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।